তারিখ ঃ অক্টোবর/২০২৪ইং

বাস্তবায়ন	ভৌত ও আর্থিক অগ্রগতি
ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প ঃ এ প্রকল্পের আওতায় মেঘনা নদীর পশ্চিমতীরে বিশনন্দী পয়েন্ট হতে দৈনিক ৫০ কোটি লিটার পানি উত্তোলন পূর্বক পরিশোধন করে তা ঢাকা মহানগরীতে সরবরাহ করা হবে। উন্নয়ন সহযোগি সংস্থা এডিবি, এআইআইবি ও ইআইবি এর আর্থিক ঋণ সহায়তায় এবং বাংলাদেশ সরকার ও ঢাকা ওয়াসার নিজস্ব অর্থায়নে আলোচ্য প্রকল্পের কাজ বাস্তবায়িত হচ্ছে। মূল DPP অনুযায়ী প্রকল্পের মেয়াদ ছিল অক্টোবর, ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। প্রকল্পের সময় ও ব্যয় বৃদ্ধি পাওয়াতে গত ০৯/০২/২০২২ইং তারিখে ECNEC সভায় প্রকল্পের ২য় সংশোধিত DPP অনুমোদিত হয়েছে। সংশোধিত (২য়) DPP অনুযায়ী জুন ২০২৪ পর্যন্ত নির্ধারিত রয়েছে এবং মোট প্রকল্প ব্যয় ৮১৪৬.৯৯ কোটি টাকা। এছাড়াও ১০ জুন ২০২৪ তারিখে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ (এক) বৎসর অর্থাৎ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন সংক্রান্ত পত্র স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা-৩ শাখা হতে শাখা হতে পাওয়া গেছে।	২য় সংশোধিত DPP অনুযায়ী প্রকল্পের সামগ্রিক অগ্রগতি ঃ ক) ভৌত অগ্রগতি ঃ ৮৫.০৫%। খ) আর্থিক অগ্রগতি ঃ ৭৮.৫৫%। অঙ্গভিত্তিক ভৌত অগ্রগতি ঃ • প্যাকেজ-১ (DBO-Intake, RWP, WTP) Design Build (DB) contract এর আওতায় দৈনিক ১০৫ কোটি লিটার পানি উত্তোলন ক্ষমতাসম্পন্ন Intake স্থাপনাসহ ৫২.৫ কোটি লিটার পানি সঞ্চালনের জন্য Intake Pumping Station, ২ x ১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট ২২ কিঃ মিঃ Raw Water Pipeline এবং ৫০ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন পানি শোধনাগার (WTP) নির্মাণ কাজ চলমান আছে। বর্ণিত উপাংশ সমূহের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ ঃ ১। ইনটেক নির্মাণ ঃ ৯১.৩৭% ২। Raw Water Pipeline (RWP) স্থাপন ঃ ৭৩.৪৯% ৩। পানি শোধনাগার (WTP) নির্মাণ ঃ ৯৮.৩০% • প্যাকেজ-২ (Treated Water Pipeline) পঞ্চবটিতে নির্মাণাধীন পানি শোধনাগার এর ডেলিভারী পয়েন্ট হতে ১৪ কিঃ মিঃ দীর্ঘ টুইন ট্রান্সমিশন (২ x ১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট) পাইপ লাইনের মাধ্যমে শীতলক্ষ্যা ও বালু নদীর তলদেশ দিয়ে অতিক্রম (মাইক্রো টানেলিং রিভার ক্রসিং পদ্ধতিতে) করে মাদানী এভিনিউ হয়ে ঢাকার বারিধারা ভাটারা থানা নতুন বাজার পয়েন্ট পর্যন্ত পাইপ লাইন স্থাপন কাজ চলমান আছে। শীতলক্ষ্যা ও বালু নদীর পূর্ব ও পশ্চিম পাড়ের (শফিং ও রিসিভিং) শ্যাফট এবং পাইপ জ্যাকিং কাজ সমাপ্ত হয়েছে। প্যাকেজের ভৌত (সেকশন-A, B, C ও নদী ক্রসিংসহ মোট ১৪ কিঃ মিঃ) অগ্রগতি ঃ ৮৯.৯৯%। • প্যাকেজ-৩.১ (Primary Distribution Reinforcement Line) ➢ সংগ্রহ: DI পাইপ ৩৫%, DI ফিটিংস ১৫%, HDPE পাইপ ৯৯.৯৯%। ➢ টপোগ্রাফিক সার্ভে: সেকশন-D, E & F সম্পন্ন ➢ ট্রায়াল পিটস: সেকশন- ডি, ই, এফ সম্পন্ন ➢ DNCC, FDEE, R&H ও Cantonment Board সহ অন্যান্য স্টেকহোল্ডার থেকে রাস্তা কাটার অনুমোদন পাওয়া গেছে। শীঘ্রই পর্যায়ক্রমে বিভিন্ন সেকশনে পাইপ স্থাপন কাজ শুরু হবে। • প্যাকেজ-৩.২ (Secondary Distribution Reinforcement Line) ➢ টপোগ্রাফিক জরিপ: ৪৩ কিলোমিটারের মধ্যে ৪৩ কিঃমি সম্পন্ন হয়েছে। DHPE পাইপের ২য় লট অর্ডার করা হয়েছে, অতিসত্বর ঢাকা স্টক ইয়ার্ডে পৌঁছাবে। ➢ DNCC, RAJUK ও Cantonment Board সহ অন্যান্য স্টেকহোল্ডার থেকে রাস্তা কাটার অনুমোদন পাওয়া গেছে। নভেম্বর ২০২৪ হতে পাইপ স্থাপন কাজ শুরু হবে।

10.11.29
Mahrin Binte Islam
Sub-Divisional Engineer
PMU, DESWSP, Dhaka WASA

10.11.2024
কোয়ালিটিসুপারভাইজার
নির্মাণ প্রকৌশলী
কুমুদিনী, ডিইএসডব্লিউএসপি
ঢাকা ওয়াসা।

10-11-24
MD. ATIKUR RAHMAN
Superintending Engineer &
Deputy Project Director
DESWSP, Dhaka WASA

10/11/2024
মোঃ গওহারিমুল ইসলাম মুন্না
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও
প্রকল্প পরিচালক
ডিইএসডব্লিউএসপি, ঢাকা ওয়াসা।

প্রশাসন বিভাগ-৩
ঢাকা ওয়াসা, ঢাকা
11.10.2024

Recycle/Reusable Justice Report.docx